ঝিনাইদহে করোনা ও উপসর্গ নিয়ে ৮ জনের মৃত্যু, নতুন আক্রান্ত ১১৩

ঝিনাইদহে করোনা ও উপসর্গ নিয়ে গত ২৪ ঘন্টায় ৮ জনের মৃত্যু হয়েছে। এছাড়াও নতুন করে আক্রান্ত হয়েছে ১১৩ জন।
সিভিল সার্জন ডা: সেলিনা বেগম জানান, রোববার সকালে কুষ্টিয়া ও ঝিনাইদহ ল্যাব থেকে ২’শ ৯২ জনের নমুনা পরীক্ষার ফলাফল এসেছে। এর মধ্যে ১’শ ১৩ জনের করোনা পজেটিভ এসেছে। আক্রান্তদের মধ্যে সদর উপজেলায় রয়েছে ৪২ জন, শৈলকুপায় ১১ জন, হরিণাকুন্ডুতে ৯ জন, কালীগঞ্জে ২৮ জন, কোটচাঁদপুরে ১৫ জন ও মহেশপুরে রয়েছে ৮ জন। সিভিল সার্জন আরও জানান, গত ২৪ ঘন্টায় কালীগঞ্জ ও কোটচাঁদপুরে করোনায় আক্রান্ত হয়ে ২ জনের মৃত্যু হয়েছে। এছাড়াও সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় উপসর্গ নিয়ে ৪ জন ও মহেশপুরে উপসর্গ নিয়ে মারা গেছে ২ জন।
ঝিনাইদহ সদর হাসপাতালের তত্বাবধায়ক ডা: হারুন অর রশিদ জানান, ২৪ ঘন্টায় করোনার সংক্রমনের হার আক্রান্তের হার ৩৮.৬৮ ভাগ। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাড়ালো ৪ হাজার ৭’শ ৪ জনে। বর্তমানে ঝিনাইদহ সদর হাসপাতালের করোনা ইউনিটে ভর্তি আছে ১’শ ১৯ জন।
তিনি আরও জানান, প্রতিদিন নতুন নতুন রোগি ভর্তি হচ্ছে। রোগিদের বাড়তি চাপ সামাল দিতে চিকিৎসক ও নার্সরা হিমশিম খাচ্ছে।

নিজে ও পরিবারকে বাঁচাতে অবশ্যই ঘরে থাকতে হবে- জেলা প্রশাসক

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেছেন করোনার দ্বিতীয় ঢেউ মেহেরপুরে আক্রান্তের সংখ্যা অনেক বেড়ে গেছে।সেই

সংক্রমণের হার যাতে কমিয়ে আনা যায় সে লক্ষ্যে সরকার কাজ করে চলেছে। যে কারণে লকডাউন দেওয়া হয়েছে। লকডাউন যদি সুষ্ঠুভাবে পালিত হয় সেই লক্ষ্যে বাংলাদেশ সেনাবাহিনী, পুলিশ, বিজিবি, আনসার বাহিনীর সদস্যরা নিরলসভাবে কাজ করে চলেছে।

জেলা প্রশাসক বলেন, গত মাসে করোনার সংক্রমণ হার অনেক কম ছিল, গত দু-এক সপ্তাহে হার অনেক বৃদ্ধি পেয়েছে। সুস্থ থাকতে হলে অবশ্যই আপনাদেরকে ঘরে থাকতে হবে, আপনাদের পরিবারকে বাঁচাতে হবে।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান রবিবার সকালের দিকে চলমান কঠোর লকডাউন এর চতুর্থ দিনে লকডাউন পরিস্থিতি পর্যবেক্ষণ করার লক্ষ্যে শহরের বিভিন্ন এলাকা পরিদর্শন শেষে সাংবাদিকদের উদ্দেশ্যে এ কথা বলেন। এ সময় পুলিশ সুপার এস এম মুরাদ আলি বলেন, বাংলাদেশ পুলিশ জনগণের পাশে থেকে নিরলসভাবে কাজ করে চলেছে।

তিনি বলেন, করোনাভাইরাস শুরু হওয়ার প্রথম থেকেই পুলিশ বাহিনীর সদস্যরা কাজ করে চলেছে। বর্তমানে যে সময় যাচ্ছে সেটি অত্যন্ত ঝুঁকিপূর্ণ সময়। বিশেষ করে সীমান্ত এলাকা হওয়ায় ঝুঁকির পরিমাণ টা বেশি। যে কারণে সাবধানের কোন বিকল্প নেই।

এ সময় বাংলাদেশ সেনাবাহিনীর যশোর সেনানিবাসের ২৭ ফিল্ড আর্টিলারির রেজিমেন্টের মেজর মাহমুদ আফজাল বলেন, আমাদের টহলের মূল উদ্দেশ্য হলো জনসাধারণের মধ্যে করোনার সর্তকতার বিষয়ে আরো উদ্বুদ্ধ করে তোলা। বাংলাদেশের যে কোন ক্লান্তি লগ্নে বাংলাদেশ সেনাবাহিনী সরকারের আদেশে মাঠে ছিল এবং ভবিষ্যতেও থাকবে।

জেলা আনসার কমান্ড্যান্ট রাকিবুল ইসলাম বলেন, সরকার ঘোষিত লকডাউন কে কার্যকর করতে, সরকার ঘোষিত লকডাউন সফল করতে স্বাস্থ্যবিধি মেনে চলুন। এসময় অন্যদের মধ্যে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তানভীর রহমান, সদর উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ইয়ানুর রহমান, সদর থানার ওসি শাহ দারা, ডিবির ওসি জুলফিকার আলী সহ জেলা প্রশাসনের কর্মকর্তা, পুলিশ বিভাগের কর্মকর্তা, বাংলাদেশ সেনাবাহিনী সদস্য, বিজিবি, পুলিশ আনসার বাহিনীর সদস্যরা সেখানে উপস্থিত ছিলেন।

এর আগে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার এসএম মুরাদ আলি, মেজর মাহমুদ আফজাল মেহেরপুর শহরের হোটেল বাজার নিউমার্কেট এলাকা এবং বড় বাজার এলাকার কাঁচা বাজার পরিদর্শন

মেহেরপুরে এক সপ্তাহে আক্রান্ত ৪৮১, মৃত ১৬

মেহেরপুরে করোনার সংক্রমণ দিন দিন বেড়েই চলছে। গত ২৪ জুন থেকে জেলায় কঠোর লকডাউন পালন করা হচ্ছে তারপরও সংক্রমণ ঠেকানো যাচ্ছে না। গত ২৬ জুন থেকে গত ২ জুলাই পর্যন্ত এক সপ্তাহে ১২২২ টি ফলাফলের মধ্যে করোনায় আক্রান্ত হয়েছেন ৪৮১ জন। যার আক্রান্ত হার ৪৩ শতাংশ। এছাড়া এক সপ্তাহে মেহেরপুরে করোনা আক্রান্ত হয়ে মারা গেছেন ১৬ জন।

এদিকে মেহেরপুরের শহর ও বিভিন্ন গ্রামগুলোতে খোঁজ নিয়ে জানা গেছে, অধিকাংশ মানুষ জ্বরে আক্রান্ত। ফার্মেসীগুলোতে ৯০ শতাংশ ওষুধ বিক্রি হচ্ছে জ্বর ও ঠান্ডার। তারপরও সামাজিকতার ভয়ে অধিকাংশরাই টেস্ট করাচ্ছেন না। তাছাড়া স্বাস্থ্যবিধি মানতেও অনীহা প্রকাশ করছেন। মাস্ক ছাড়াই এখানে সেখানে ঘুরে বেড়াচ্ছেন। পুলিশ অভিযান চালালে মাস্ক পড়েন, চলে গেলে আবার খুলে ফেলছেন।

গাংনী উপজেলার গাড়াবাড়িয়া গ্রামের রাবেয়া ফার্মেসীর মালিক জিয়াউর রহমান জানান, গত এক সপ্তাহ ধরে শুধুমাত্র জ্বর, কাশি ও ঠাণ্ডার ওষুধ বিক্রি করছি। সকলকে টেস্ট করার কথা বলছি। কমসংখ্যাক টেস্ট করাচ্ছেন। সচেতনতার অভাব ও সামাজিক কারণে মানুষ টেস্ট করাচ্ছেনা। ফলে নিজেদের ক্ষতি নিজেরায় ডেকে আনছেন।

মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. রফিকুল ইসলামের সাথে কথা বলে জানা গেছে, মেহেরপুর জেনারেল হাসপাতালে ৫০টি বেডকে করোনা ডেডিকেটেড হিসেবে রাখা হয়েছিল তা বৃদ্ধি করে শনিবার থেকে ১০০টি বেডে উন্নীত করা হয়েছে।
তিনি জানান, শনিবার দুপুর ১টা পর্যন্ত ৪৯ জন করোনা পজিটিভ এবং ৫৭ জন উপসর্গ নিয়ে আইসোলেশনে ভর্তি রয়েছেন।

হাসপাতালের চিকিৎসক ও জনবল সংকটের কারণে রোগীদের সামলাতে হিমশিম

খেতে হচ্ছে তবে সকলে আন্তরিক ভাবে কাজ করছে। করোনার এই ভয়াবহ সময়ে সকলের সহযোগীতা কামনা করেন তিনি।

মেহেরপুরের সিভিল সার্জন ও জেলা করোনা প্রতিরোধ কমিটির সদস্য সচিব ডা. নাসির উদ্দীন জানান, স্বাস্থ্যবিধি মেনে চলেই আমাদের এই মহামারি মোকাবেলা করতে হবে। মেহেরপুর হাসপাতালে চিকিৎসকের অভাব রয়েছে। ১০ জন চিকিৎসক চেয়ে খুলনা বিভাগীয় কার্যালয়ে চিঠি লেখা হয়েছে। প্রশাসন, পুলিশ, স্বাস্থ্যবিভাগ ও গণমাধ্যমকর্মীদের সমন্বিত প্রচেষ্টায় মোকাবেলা করতে হবে।

মেহেরপুর ডিবি পুলিশের অভিযানে গাঁজা ও মদসহ দু’জন আটক

মেহেরপুর গাঁজা ও মদসহ ফিরোজ আলী (২৪) ও বিল্লাল হোসেন (২৭) নামের দুই যুবককে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

শনিবার বিকেল সাড়ে পাঁচটার দিকে গাংনী উপজেলার করমদী এলাকা থেকে তাদের আটক করা হয়।

আটক ফিরোজ আলী একই উপজেলার ইসলামপুর এলাকার ইমারুল ইসলামের ছেলে ও বিল্লাল হোসেন একই এলাকার মৃত সিদ্দিকুর রহমান এর ছেলে।

ডিবি পুলিশের ওসি জুলফিকার আলী জানান, করমদী এলাকায় মাদক কেনাবেচা হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে জানতে পেরে পুলিশ সুপার এস এম মুরাদ আলির নির্দেশে মোতাবেক এসআই (নি;) অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে এএসআই (নি:) মাহাতাব উদ্দিন, এএসআই (নি:) হেলাল উদ্দিনসহ সঙ্গীয় ফোর্স নিয়ে ওই এলাকায় অভিযান চালানো হয়।

এসময় ফিরোজ আলীর কাছ থেকে ৫শ গ্রাম গাঁজা ও বিল্লাল হোসেনের কাছ থেকে ৩ বোতল মদ উদ্ধার করা হয়।

আটক দু’জনের নামে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে। রোববার তাদেরকে আদালতে সোপর্দ

মেহেরপুরে ৪৮ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ৪৮ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদর উপজেলায় ১০ জন, গাংনীতে ৩৮ জন।

শনিবার রাতে মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৯৭টি। তারমধ্যে ৪৮ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৫৬৩ জন। তার মধ্যে সদরে ১৮৩ জন, গাংনীতে ২৭১ জন এবং মুজিবনগরে ১০৯ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ৫৬ জন। মৃতদের মধ্যে সদরে ২০ জন, গাংনী ২২ জন ও মুজিবনগরে ১৪ জন।

এসময় তিনি সবাইকে সামাজিক দূরত্ব, নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জন সমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।

চুয়াডাঙ্গায় প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ

সরকার ঘোষিত শাটডাউনে চুয়াডাঙ্গায় কর্মহীন হয়ে পড়া মানুষের মাঝে চুয়াডাঙ্গা উপজেলা প্রশাসনের পক্ষ থেকে প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে।

শনিবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা বড়বাজার হাসান চত্বরে এই মানবিক সহায়তা প্রদান করা হয়। চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই মানবিক সহায়তা প্রদান করেন।

এসময় চুয়াডাঙ্গা পৌরসভার ৪নং ওয়ার্ড এবং ৫ নং ওয়ার্ডের মোট ৪২০ জনের পরিবারের মাঝেই প্রধানমন্ত্রী এই উপহার সামগ্রী বিতরণ করেন।

এসময় জেলা প্রশাসক মোঃ নজরুল সরকার বলেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের পাশাপাশি চুয়াডাঙ্গা উপজেলা প্রশাসন প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ কার্যক্রম অব্যাহত রেখেছে। সরকার ঘোষিত শাটডাউনের কর্মহীন হয়ে পড়া মানুষদেরকে প্রধানমন্ত্রীর এই উপহার সামগ্রীর আওতায় আনা হবে। এ সময় তিনি সকলকে ঘরে থাকতে আহ্বান জানান। বিনা প্রয়োজনে ঘর থেকে বাহির না হওয়া এবং সরকার ঘোষিত শাটডাউন সফল করতে সকলের সহযোগিতা চান।

উক্ত প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ কার্যক্রম আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর) কনক কুমার দাস, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ সাদিকুর রহমান, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ ফখরুল আলম খান, চুয়াডাঙ্গা পৌরসভার ৪ নং ওয়ার্ড কাউন্সিলর মাহফিজুর রহমান মাফি সহ উপকারভোগী পরিবারের লোকজন।

এ সময় চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহি অফিসার মোহাম্মদ সাদিকুর রহমান জানান সরকার ঘোষিত শাটডাউনের প্রথম দিন থেকে আজ পর্যন্ত চুয়াডাঙ্গা পৌরসভার মধ্যেই ২০৫০ জনের পরিবারের মাঝে এই প্রধানমন্ত্রীর উপর সামগ্রী বিতরণ করা হয়েছে। এই কার্যক্রম অব্যাহত থাকবে বলে তিনি জানান।

চুয়াডাঙ্গা মাথাভাঙ্গা নদীতে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গাবতলা পাড়ায় বসবাস করতেন। বিষয়টি নিশ্চিত করেছেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ। তিনি বলেন, আব্দুর রহমান জ্বরে আক্রান্ত হয়ে গত ১ জুলাই শরীরে করোনা পজিটিভ হয়ে বাসায় ছিলেন।

পরে অবস্থার অবনতি হলে শনিবার দুপুরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। বিকালে চিকিৎসাধী অবস্থায় তার মৃত্যু হয়। অপরদিকে করোনা পজিটিভ হয়ে বিশিষ্ঠ কাঠ ব্যবসায়ী মোবাশ্বের আলী যশোর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শনিবার বিকালে মুত্যুবরন করেন।

ডাঃ রশিদ বলেন, আব্দুর রহমান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নমুনা পরিক্ষা করলেও ব্যবসায়ী মোবাশ্বের আলী যশোরে পরিক্ষা করেন বলে নিশ্চিত করেন। এসময় তিনি সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলা ও ঠান্ডা জ্বরে আক্রান্ত ব্যক্তিদের করোনা পরিক্ষা করে চিকিৎসকের পরামর্শ নেওয়ার অনুরোধ করেন। এদিকে একই দিনে ২জন বিশিষ্ট ব্যক্তির মৃত্যুতে এলাকায় শোকের ছায়া ও আতঙ্ক দেখা দিয়েছে।

আলমডাঙ্গায় গলায় ফাঁস লাগিয়ে বৃদ্ধার আত্নহত্যা

আলমডাঙ্গায় ছেলের উপর অভিমান করে ৭০ বছরের বৃদ্ধা সহিদা খাতুন গলায় ফাঁস লাগিয়ে আত্নহত্যা করেছে। শনিবার দুপুর ২ টার দিকে উপজেলার ভাংবাড়িয়া গ্রামে এ ঘটনা ঘটে।

আত্নহত্যার ঘটনায় নিহত সহিদার ছেলে বাদি হয়ে আলমডাঙ্গা থানায় অপমৃত্যুর মামলা দায়ের করেন।

মামলা সূত্রে জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়িয়া গ্রামের মৃত আলাউদ্দিনের স্ত্রী সহিদা খাতুন।

গত ২৫ বছর পূর্বে সহিদার স্বামী মারা যায়। ইতোপূর্বে সে ৩টি ছেলে রেখে যায়। স্বামী মারা যাবার পর থেকেই অভাবে তাদের সাংসারিক

জীবন চলে। এরই সূত্র ধরে ঘটনার দিন ছেলেদের সাথে সহিদা খাতুনের গোলোযোগ বাধে।

এরই কারণে অভিমানে দুপুর ২ টার দিকে নিজ ঘরের আড়ার সাথে গলায় ফাঁস লাগিয়ে আত্নহত্যা করে। খবর পেয়ে পুলিশ মৃত মহিলার লাশ সুরতহাল রিপোর্ট শেষে দাফন করে।

মেহেরপুরে এনটিভি’র প্রতিষ্ঠাবার্ষিকীতে মাস্ক ও গাছের চারা বিতরণ

হাটি হাটি করে বিভিন্ন চরাই উৎরােইর মধ্যে দিয়ে সাফল্যের সাথে ১৯ বছরে পর্দাপন করলো জনপ্রিয় টিভি চ্যালেন এনটিভি। ৩ জুলাই জনপ্রিয় এই টেলিভিশন চ্যানেলটির ১৮তম জন্মদিন । প্রতিবছর এ বিশেষ দিনটি অত্যন্ত জাঁকজমকপূর্ণ আয়োজনে উদযাপিত হয় ।

কোভিড -১৯ কারণে ব্যাক্তিগত ও সামাজিক সুরক্ষার কথা ভেবে এবার ভিন্ন আঙ্গীকে প্রতিষ্ঠা বার্ষীকী পালন করছে এনটিভি’র মেহেরপুর জেলা প্রতিনিধি রেজ আন উল বাসার তাপস।

শনিবার দুপুরে চ্যানেলটির জন্মদিন উপলক্ষ্যে মেহেরপুরে বিভিন্ন শ্রেণি পেশার মানুষের মাঝে মাস্ক ও গাছের চারা বিতরণ করা হয়। এসময় প্রায় এক’শ জনের মাঝে মাস্ক ও বিভিন্ন প্রজাতির গাছের চারা বিতরণ করেন এনটিভি’র মেহেরপুর জেলা প্রতিনিধি রেজ আন উল বাসার তাপস।

এনটিভি’র মেহেরপুর জেলা প্রতিনিধি রেজ আন উল বাসার তাপস বলেন, ১৮তম জন্মদিনে এনটিভির দর্শকমন্ডলী শুভানুধ্যায়ী ও বিজ্ঞাপন দাতাদের জানাচ্ছি অনেক অনেক শুভেচ্ছা। শুরু থেকেই নতুন নতুন রুচিশীল অনুষ্ঠান এবং বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করে আসছে এনটিভি।

প্রতিষ্ঠানটির ১৯ বছর পূর্তি উপলক্ষে সকল সদস্য কলাকুশলী, সংবাদকর্মীসহ সংশ্লিষ্ট সবাইকে শুভেচ্ছা জানিয়ে এনটিভির